3

দৈনিক জনকণ্ঠ

তারিখ 03.DEC.1994
পৃষ্ঠা ২ কলাম ৬

## ঢাকা বিশ্ববিদ্যালয়

# নিয়মিত ছাত্রদের হাজিরা গ্রহণ করা হবে ॥ কোর্স পদ্ধতিও চালু হচ্ছে

শরিফুজ্জামান পিন্টু

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগে এখন থেকে নিয়মিত হাজিরা গ্রহণ করা হবে। শতকরা ৭৫ ভাগ হাজিরা না থাকলে কোন ছাত্র-ছাত্রীকে পরীক্ষায় অংশ নিতে দেয়া হবে না। সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের খাতা চুরি ঘটনার পর শিক্ষকরা এ সিদ্ধান্ত গ্রহণ করেছেন। বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের সিনেট ভবনে অনুষ্ঠিত শিক্ষকদের এক সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। এ সময় উপস্থিত ছিলেন কলা অনুষদ ডীন অধ্যাপক আমিনুল ইসলাম, সমাজ বিজ্ঞান অনুষদের ডীন অধ্যাপক মনোয়ার উদ্দিন আহমেদ, সকল বিভাগের চেয়ারম্যান ও শিক্ষকবৃন্দ।

সূত্র জানায়, আগামী জুলাই মাস থেকে অনার্স ও সাবসিডিয়ারি বিষয় সমন্বিত করে প্রথম বর্ষের কোর্স শুরু হবে। তখন একজন ছাত্রকে অনার্স বিষয়ের ৯০০ নম্বর ও সাবসিডিয়ারি বিষয়ের ৬০০ নম্বরসহ ১৫০০ নম্বরের পরীক্ষায় অংশ নিতে হবে। এর আগে সাবসিডিয়ারি পরীক্ষায় কেবলমাত্র শতকরা ৩৩ পেলেই যথেষ্ট ছিল। সাবসিডিয়ারিতে বেশি নম্বর পেলেও কোন মূল্যায়ন হতো না। সূত্র আরও জানায়, অন্য বিভাগের শিক্ষকদের খণ্ডকালীন নিয়োগ দিয়ে আপাতত সমন্বিত কোর্সের শিক্ষক সমস্যা সমাধান করা হবে। সমন্বিত কোর্স পদ্ধতি সম্পর্কে কলা অনুষদ ডীন অধ্যাপক আমিনুল ইসলাম বলেন, কোর্স পদ্ধতি একটি আধুনিক পদ্ধতি এবং সাবসিডিয়ারি একটি সনাতন পদ্ধতি। এ দু'টিকে একত্র করে সমন্বিত কোর্স চালু করা হলে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মান উন্নত হবে বলে আমার বিশ্বাস।